

## সিরাজ সিকদার রচনা

পূর্ববাংলার সশস্ত্র দেশপ্রেমিক বাহিনীর সর্বোচ্চ  
পরিচালক মণ্ডলীর সভাপতির ১নং সার্কুলার



সিরাজ সিকদার

পূর্ববাংলার সর্বহারা পার্টি কর্তৃক রচনা ও প্রকাশ এপ্রিল ১৯৭৩

কমিউনিস্ট পার্টি মার্কসবাদী-লেনিনবাদী-মাওবাদী বাংলাদেশ কর্তৃক সর্বহারা পথ  
([www.sarbaharapath.com](http://www.sarbaharapath.com)) এর অনলাইন প্রকাশনা ২৪ সেপ্টেম্বর ২০১৪

পৃষ্ঠা ২

পূর্ববাংলার সশস্ত্র দেশপ্রেমিক বাহিনীকে একটি সামরিক কমান্ড থেকে পরিচালনার জন্য সর্বোচ্চ পরিচালক মণ্ডলী এবং সর্বোচ্চ অধিনায়ক নিয়োগ করা হয়েছে।

সশস্ত্র দেশপ্রেমিক বাহিনীর সর্বোচ্চ অধিনায়ক কর্তৃক পূর্ববাংলাকে কতকগুলো সামরিক সেক্টরে ভাগ করা হয়েছে।

এ সকল সামরিক সেক্টরের সেকটর কমান্ডার ও রাজনৈতিক কমিশার নিয়োগ করা হচ্ছে।

সেক্টর কমান্ডারগণ নিজ সেক্টরের সামরিক কার্য পরিচালনা করবেন।

সেক্টর কমান্ডারগণ তার আওতাভুক্ত অঞ্চলকে কতগুলো সাবসেক্টরে ভাগ করবেন এবং সাবসেক্টর কমান্ডার ও রাজনৈতিক কমিশার নিয়োগ করবেন।

ইহা সর্বোচ্চ অধিনায়কের ও রাজনৈতিক কমিশারের অনুমোদিত হতে হবে।

বর্তমানে যে কোন সামরিক সেক্টরে বড় রকম অর্থনৈতিক বা সামরিক অপারেশন করতে হলে সর্বোচ্চ অধিনায়কের নিকট আবেদন করতে হবে এবং তার লিখিত অনুমতি লাগবে।

বর্তমানে সেক্টরের আওতাভুক্ত অঞ্চলে যে কোন সামরিক/অর্থনৈতিক হামলার জন্য সেক্টর কমান্ডারের লিখিত অনুমতি লাগবে।

বর্তমানে শত্রু রণনৈতিক আক্রমণের স্তরে রয়েছে আর আমরা রয়েছি রণনৈতিক আত্মরক্ষার স্তরে। বর্ষা শুরু হওয়া পর্যন্ত শত্রুর রণনৈতিক আক্রমণ চলবে। বর্ষাকালে শত্রু রণনৈতিক আত্মরক্ষা বা সংরক্ষণের স্তরের প্রবেশ করবে, আর আমরা প্রবেশ করব রণনৈতিক আক্রমণ ও বিকাশের স্তরে।

কাজেই বর্ষাকালীন আমাদের রণনৈতিক আক্রমণ শুরু করার জন্য সেক্টর কমান্ডারগণ নিম্নলিখিত প্রস্তুতিসমূহ বর্ষা শুরু হওয়ার পূর্বেই অর্থাৎ জৈষ্ঠ্য মাস শেষ হওয়ার পূর্বেই সম্পন্ন করবেন:

- সাব-সেক্টর কমান্ডার ও রাজনৈতিক কমিশার নিয়োগ;
- গেরিলা গ্রুপসমূহ গঠন, কমান্ডার ও কমিশার নিয়োগ;
- কুরিয়ার ও যোগাযোগের উপায়, পরিবহন সমস্যার সমাধান;
- সাব-সেক্টরসমূহের মধ্যকার গ্যাপসমূহ দূর করা [অঞ্চলসমূহের মধ্যকার ভৌগোলিক ফাঁকসমূহ (অর্থাৎ, কতগুলো গ্রাম বা থানা, ইউনিয়ন) দূর করা]
- অস্ত্র-শস্ত্র সতর্কভাবে রাখা ও সংগ্রহ করা, (কিনে, বিনিময়ে কর্মীদের নিকট থেকে সংগ্রহ করা) এবং প্রতি সাব-সেক্টরে সরবরাহ করা;
- গেরিলা, কমিশার ও কমান্ডারদের মান উন্নয়ন করা;

পৃষ্ঠা ৩

— মতাদর্শগত মান—শুদ্ধি অভিযান সম্পন্ন করা;

— রাজনৈতিক মান;

— সাংগঠনিক মান;

— সামরিক মান;

○ সশস্ত্র প্রচার টিম নিয়োগ করা;

প্রভৃতি কাজ বর্ষা শুরু হওয়ার পূর্বেই করতে হবে, যাতে বর্ষাকালে আমরা রণনৈতিক আক্রমণ করতে পারি।

বর্ষাকালীন রণনৈতিক আক্রমণ ক্ষতিগ্রস্ত হতে পারে এমন কোন কাজ থেকে বিরত থাকতে হবে।

ভাল গেরিলা, কমিশার, কমান্ডার, অস্ত্র হারানো, অঞ্চলে প্রচণ্ড চাপ সৃষ্টি করা প্রভৃতি থেকে কঠোরভাবে বিরত থাকতে হবে।

সশস্ত্র দেশপ্রেমিক বাহিনীর সভাপতির দপ্তর □